পূর্ব সংস্থা	স্বাধীন
সদর দপ্তর	সেগুনবাগিচা, ঢাকা, বাংলাদেশ
বার্ষিক বাজেট	গোপনীয়
সংস্থা নির্বাহী	মেজর জেনারেল টি এম জোবায়ের, মহাপরিচালক
নীতিবাক্য	জাতির জন্য দেখা ও শোনা, জাতীয় নিরাপত্তা রক্ষার জন্য

জাতীয় নিরাপত্তা গোয়েন্দা : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা যা এনএসআই (NSI) নামে পরিচিত, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধান ও স্বাধীন আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থা। এনএসআইয়ের প্রধান কার্যালয় বাংলাদেশের রাজধানী ঢাকায় অবস্থিত। এনএসআই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ নিরাপত্তা, কাউন্টার-ইন্টেলিজেন্স ও বৈদেশিক গোয়েন্দা সম্পর্কিত ক্ষেত্রগুলোতে নেতৃত্বস্থানীয় ভূমিকা পালন করে। এনএসআই বাংলাদেশের অন্যান্য গোয়েন্দা সংস্থা যেমন ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স, পুলিশের বিশেষ শাখা, আর্মি ইন্টেলিজেন্স ও ন্যাভাল ইন্টেলিজেন্স প্রভৃতির মধ্যে বৃহত্তম। সংস্থাটি সরাসরি বাংলাদেশের প্রধানমন্ত্রীর তত্ত্বাবধানে পরিচালিত হয়। বাংলাদেশ ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে সংস্থাটির দপ্তর রয়েছে। পাশাপাশি যুগ্ম-পরিচালকের নেতৃত্বে বাংলাদেশের জেলাসমূহে স্থানীয় ইউনিট রয়েছে। বাংলাদেশের বৃহত্তম গোয়েন্দা সংস্থা হিসেবে এনএসআই প্রধান কার্যক্রমগুলোর মধ্যে মূলত বৈদেশিক সরকার, নির্দিষ্ট ব্যক্তি, সংস্থা, রাজনৈতিক দল ও বিভিন্ন ধর্মীয় দল এবং কাউন্টার-ইন্টেলিজেন্স সম্পর্কিত নানা ধরনের তথ্য সংগ্রহ করা।

এনএসআই (NSI) বা ন্যাশনাল সিকিউরিটি ইন্টেলিজেন্স হচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর অন্যতম প্রধান জাতীয় ও আন্ত র্জাতিক গোয়েন্দা সংস্থা। বাংলাদেশ সেনাবাহিনীর স্পেশাল ট্রেনিং দ্বারা সংস্থাটি পরিচালিত হয়। সদ্য স্বাধীন বাংলাদেশে ১৯৭২ সালের ২৯ ডিসেম্বর একটি রেজুলেশনের মাধ্যমে 'জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা' প্রতিষ্ঠা করা হয়। যা এনএসআই (NSI) নামে পরিচিত। তৎকালীন পুলিশ বাহিনীর বেশকিছু দক্ষ ও মেধাবী সদস্যদের নিয়ে এই সংস্থা প্রতিষ্ঠিত হয়। এনএসআই-এর 'নীতিবাক্য হলো জাতির জন্য দেখা ও শোনা, জাতীয় নিরাপত্তা রক্ষার জন্য'। এই সংস্থা হলো স্বাধীন। এনএসআই-এর সদর দপ্তর ঢাকাতে অবস্থিত। দেশের প্রতিটি জেলায়, প্রতিটি থানায় রয়েছে এর অফিস। সমস্ত কিছু হয় অত্যন্ত গোপনীয়তার ভিত্তিতে। এমনকি তাদের সদর দপ্তরও পুরোপুরি লোক-চক্ষুর অন্তরালে। বাংলাদেশের জাতীয় স্বার্থের সাথে জড়িত গোয়েন্দা সংস্থাটি সরাসরি প্রধানমন্ত্রীর দপ্তর থেকে পরিচালিত হয়ে থাকে।

প্রতিষ্ঠা ও কার্যক্রম বাংলাদেশ স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালের ২৯ ডিসেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরাসরি তত্ত্বাবধানে রেজুলেশনের মাধ্যমে 'জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা' প্রতিষ্ঠিত হয়। প্রাথমিকভাবে বাংলাদেশ পুলিশের দক্ষ কিছু কর্মকর্তাদের নতুন এই বাহিনীতে নিয়োগ দেওয়ার মাধ্যমে সংস্থাটির কার্যক্রম শুরু হয়। এনএসআই বাংলাদেশ এবং বাংলাদেশের বাইরে বিভিন্ন কৌশলগত গুরুত্বপূর্ণ স্থানে গোয়েন্দা তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া জাতীয় নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন এবং সীমান্ত এলাকার কৌশলগত নিরাপত্তা কার্যক্রম গ্রহণ করাও এই সংস্থার দায়িত্ব। পাশাপাশি এনএসআই বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জনবলের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা প্রশিক্ষণ প্রদান করে আসছে। বাংলাদেশ ছাড়া বিশ্বের বিভিন্ন দেশে সংস্থাটির দপ্তর রয়েছে। পাশাপাশি যুগ্মপরিচালকের নেতৃত্বে বাংলাদেশের জেলাসমূহে স্থানীয় ইউনিট রয়েছে। বাংলাদেশের বৃহত্তম গোয়েন্দা সংস্থা হিসেবে মূলত বৈদেশিক সরকার নির্দিষ্ট ব্যক্তি, সংস্থা, রাজনৈতিক দল ও বিভিন্ন ধর্মীয় দল এবং কাউন্টার ইন্টেলিজেন্স সম্পর্কিত নানা ধরনের তথ্য সংগ্রহ করা।

এনএসআই (NSI)-এর কাজ : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এখন বাংলাদেশের সর্বোচ্চ গোয়েন্দা সংস্থা। এই সংস্থা দেশ এবং দেশের বাইরে বিভিন্ন কৌশলগত গুরুত্বপূর্ণ স্থানে গোয়েন্দা তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকে। রাষ্ট্রীয় নিরাপত্তা ও অখণ্ডতা, বাইরের দেশের হুমকির বিষয়গুলো দেশের ভিতরে ট্যাকল করা, কাউন্টার ইন্টেলিজেন্স পরিচালনা করা এর অন্যতম প্রধান কাজ। সেই সাথে গোয়েন্দা তথ্য জোগাড় করে তা বিশ্লেষণ করা ও প্রয়োজন অনুসারে সরকারকে জানানো। এছাড়া জাতীয় নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন এবং সীমান্ত এলাকার কৌশলগত নিরাপত্তা কার্যক্রম গ্রহণ এই সংস্থার দায়িত্ব। পাশাপাশি এনএসআই বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জনবলের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা প্রশিক্ষণ প্রদান করে আসছে।

প্রশিক্ষণ : এনএসআইয়ের সদস্যগণ দেশে ও দেশের বাইরে বিশেষ গোয়েন্দা প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। এই বাহিনীতে যারা চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত হন তাদেরকে প্রথমেই মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হয়। এদের প্রশিক্ষণও হয় সম্পূর্ণ গোপনীয়ভাবে। চৌকশ এই গোয়েন্দা সংস্থার সদস্যদের দেশে ও দেশের বাইরে অনেক উচ্চতর ও বুনিয়াদি প্রশিক্ষণ হয়। তবে সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, ডিজিএফআই'র সঙ্গে ঘনিষ্ঠ প্রশিক্ষণ হয়, তাদের নিজস্ব ফ্যাসিলিটিতে। বর্তমানে ঢাকার ধামরাইয়ে ৯.৫৬ একর জমির উপর জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হচ্ছে। এই প্রশিক্ষণ ইনস্টিটিউট এনএসআই সদস্যদের পাশাপাশি অন্যান্য সংস্থার সদস্যদেরকেও নিরাপত্তা প্রশিক্ষণ দিতে পারবে। সেইসাথে বিদেশি বিভিন্ন সংস্থার সদস্যগণও এই ইনস্টিটিউটে প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং তাদের সাথে প্রশিক্ষণলব্ধ তথ্য ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি হবে।

দেশের কোন গোয়েন্দা সংস্থার কী কাজ : আইনশৃঙ্খলা বাহিনীর বিভিন্ন গোয়েন্দা ইউনিটের পাশাপাশি দেশে স্বতন্ত্র গোয়েন্দা সংস্থাও রয়েছে একাধিক। সেগুলোর মধ্যে অন্যতম দুটি সংস্থা হচ্ছে ডিজিএফআই ও এনএসআই। সংস্থা দুটি জাতীয় নিরাপত্তা নিয়ে কাজ করে। এর বাইরে অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কাজ করে পুলিশের অধীনে একাধিক গোয়েন্দা ইউনিট। যদিও অনেকেই এগুলোকেও স্বতন্ত্র গোয়েন্দা সংস্থা বলে মনে করেন। তবে ডিজিএফআই ও এনএসআই ছাড়া সবগুলোই পুলিশ বাহিনীর অন্তর্ভুক্ত সংস্থা।

এক কথায় বলা যায় কিছু কাজ একই রকম হলেও সবগুলো গোয়েন্দা ইউনিটেরই রয়েছে ভিন্ন ভিন্ন কাজ।

পুলিশ সদর দপ্তরের জনসংযোগ শাখার নিয়ম অনুযায়ী 'পুলিশের আওতাধীন গোয়েন্দা ইউনিটগুলোর সুনির্দিষ্ট করে কাজ ভাগ করা আছে। তাদের কাজের পরিধি ঠিক করে দেওয়া আছে। অর্পিত দায়িত্ব অনুযায়ী ইউনিটগুলো তাদের নিজ নিজ কাজ করে থাকে।' সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, দেশের অন্যতম বৃহৎ দুটি গোয়েন্দা সংস্থা হচ্ছে সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই)। ডিজিএফআই সাধারণত প্রতিরক্ষা বিষয়ে ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় গোয়েন্দা কার্যক্রম চালিয়ে থাকে। ডিজিএফআইয়ের অধীনেই ইন্টেলিজেন্স ব্যুরো বা কাউন্টার ইন্টেলিজেন্সের মতো একাধিক ইউনিট রয়েছে। এছাড়া জাতীয় নিরাপত্তা গোয়েন্দাও (এনএসআই) দেশের সার্বিক বিষয়ে গোয়েন্দা কার্যক্রম চালিয়ে থাকে। এছাড়া বৈদেশিক গোয়েন্দা কার্যক্রমও পরিচালনা করে থাকে এনএসআই।

পুলিশের অধীনে সবচেয়ে বেশি গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করে থাকে পুলিশের বিশেষ শাখা বা এসবি। এসবি সাধারণত রাজনৈতিক বিষয়, জঙ্গি ও সন্ত্রাসবাদসহ আইনশৃঙ্খলা রক্ষায় নিয়মিত গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করে থাকে। এসবির একটি বড়ো ইউনিট হলো সিটি-এসবি। এটির কাজ হলো শুধু রাজধানীকেন্দ্রিক গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং এসব তথ্যের ওপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা। এছাড়া দেশের প্রতিটি জেলাতেই ডিএসবি নামে এসবির একটি করে শাখা রয়েছে। পুলিশ সুপারের অধীনে থেকেই কাজ করে এটি।

পুলিশের অপরাধ তদন্ত বিভাগ-সিআইডি গোয়েন্দা কার্যক্রম পরিচালনার পাশাপাশি বিশেষ ইউনিট হিসেবে গুরুতর অপরাধগুলোর তদন্ত করে থাকে তারা। চাঞ্চল্যকর খুন-রাহাজানির ঘটনার তদন্ত ছাড়াও জঙ্গিবাদ, জঙ্গি অর্থায়ন, মানি লন্ডারিংসহ অর্গানাইজড ক্রাইমের ঘটনাগুলোর তদন্ত করে সিআইডি।

পুলিশের আরেকটি বড়ো ইউনিট হলো র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান-র‍্যাব (RAB)। র‍্যাবে সাধারণত পুলিশের পাশাপাশি সেনা, নৌ, বিমানবাহিনী, বিজিবি, আর্মড পুলিশ ব্যাটালিয়ানের সদস্যরাও প্রেষণে নিয়োগ পেয়ে থাকেন। গোয়েন্দা নজরদারির পাশাপাশি অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে র‍্যাব। যেকোনো সংঘটিত অপরাধ ও অপরাধীদের সম্পর্কে গোয়েন্দা তথ্য সংগ্রহ করা ছাড়াও আইনশৃঙ্খলা পরিস্থিতি রক্ষায় অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীকে সহায়তা দিয়ে থাকে তারা।

পুলিশের গোয়েন্দা ইউনিটগুলোর মধ্যে অন্যতম হলো ঢাকা মহানগর গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগ। এটি ঢাকা মহানগরীর অপরাধ নিয়ন্ত্রণের জন্য থানাপুলিশকে সহায়তা দেয়। এর পাশাপাশি মহানগর এলাকায় সংঘটিত বড়ো বড়ো অপরাধের ঘটনার তদন্ত করে মহানগর গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগ। বছর তিনেক আগে ঢাকা মহানগর পুলিশের অধীনেই গঠিত হয় কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট-সিটিটিসি। মূলত জঙ্গিবাদ দমন ও আন্তঃদেশীয় অপরাধ নিয়ন্ত্রণে কাজ করছে এই ইউনিট। ইতোমধ্যে জঙ্গিবিরোধী ধারাবাহিক অভিযান চালিয়ে অনেক সফলতা অর্জন করেছে সিটিটিসি। সিটিটিসি ছাড়াও সারাদেশে জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে কাজ করার জন্য অ্যান্টিটেরোরিজম ইউনিট নামে আরেকটি ইউনিট গঠন করা হয়েছে। তারা এখনো পুরোদমে কাজ শুরু করতে না পারলেও ভবিষ্যতে এটি শক্তিশালী ইউনিট হবে বলে আশা করেছেন সংশ্লিষ্টরা। ঢাকা মহানগর পুলিশের জনসংযোগ শাখার উপ-কমিশনার মাসুদুর রহমান বাংলা ট্রিবিউনকে বলেন, 'ঢাকা মহানগর পুলিশের অধীনে যেসব ইউনিট রয়েছে তারা তাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করে থাকে। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ রাখার পাশাপাশি ডিএমপির বিভিন্ন ইউনিট গোয়েন্দা তথ্য সংগ্রহের পাশাপাশি আগাম ব্যবস্থাও নিয়ে থাকে।'

পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন-পিবিআই পুলিশের গুরুত্বপূর্ণ আরেকটি ইউনিট। যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন-এফবিআইয়ের আদলে গঠিত এই ইউনিট মূলত সূত্রবিহীন মামলাগুলো নিয়ে অনুসন্ধান করে থাকে। এর বাইরে নৌ-পুলিশ দেশের নৌপথের আইনশৃঙ্খলা রক্ষা ও গোয়েন্দা তথ্য সংগ্রহ, ট্যুরিস্ট পুলিশ পর্যটন এলাকায় নিরাপত্তা রক্ষা ও গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং শিল্প পুলিশ দেশের শিল্প এলাকাগুলোর অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা ও গোয়েন্দা তথ্য সংগ্রহ করে।

সংস্থা গঠন : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী কার্যালয়ের অধীন একটি অধিদপ্তর হলেও এ সংস্থার মহাপরিচালক/Director General (D.G.)-এর পদমর্যাদা বাংলাদেশ সরকারের সচিব সমমান।

মহাপরিচালক/Director General (D.G.), এনএসআই প্রতিষ্ঠালগ্ন হতেই ম্যাজেস্ট্রেসি ক্ষমতাসহ গ্রেফতারি (পুলিশি) ক্ষমতা প্রাপ্ত। এবং তাঁর এ ক্ষমতা লিখিত আদেশের মাধ্যমে প্রথম শ্রেণির কর্মকর্তাদের প্রদান করতে পারেন।

এনএসআই প্রায় পুরোপুরি সিভিলিয়ান জনবলের মাধ্যমে গঠিত। কিছু কিছু পদে স্বল্প সময়ের জন্য কিছু দক্ষ জনবল ডেপুটেশনের মাধ্যমে এ সংস্থায় পদায়ন করা হয়ে থাকে।

সাংগঠনিক কাঠামো : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা'র সাংগঠনিক কাঠামো ব্যাপক এবং বিশাল। এ সংস্থা বর্তমানে (০৮) আটটি উইং বা স্তম্ভের মাধ্যমে তার কার্যক্রম পরিচালনা করছে। যেমন :

বহিঃ উইং (Directorate of External) : বৈদেশিক গোয়েন্দাবৃত্তি এবং প্রতি-গোয়েন্দাবৃত্তি কার্যক্রম।

সীমান্ত উইং (The Directorate of Border) : বাংলাদেশের সীমান্তভিত্তিক গোয়েন্দাবৃত্তি এবং প্রতি-গোয়েন্দাবৃত্তি কার্যক্রম।

অভ্য উইং (The Directorate of Internal) : বাংলাদেশের অভ্যন্তরে গোয়েন্দাবৃত্তি এবং প্রতি-গোয়েন্দাবৃত্তি কার্যক্রম। দেশের আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা'র সবচেয়ে বড়ো এবং বিস্তৃত উইং এটি এবং এর কার্যপরিধি ব্যাপক ও বিশাল।

নিরাপত্তা উইং (The Directorate of Security) : বাংলাদেশের সামগ্রিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং সরকার ঘোষিত ভিভিআইপিদের নিরাপত্তা প্রদান।

প্রশাসন উইং (The Directorate of Administration) : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা'র জনবল ব্যবস্থাপনা এবং গোয়েন্দাবৃত্তি কার্যক্রমের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান।

প্রশিক্ষণ উইং (The Directorate of Training) : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা'র জনবলের সঠিক প্রশিক্ষণ প্রদান, মানোন্নয়ন এবং সরকারি বিভিন্ন সংস্থাকে গোয়েন্দা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের নিরাপত্তা নিশ্চিতকরণ।

নগর অভ্যঃ উইং (The Directorate of City Internal) : বাংলাদেশের মহানগরীসমূহে গোয়েন্দাবৃত্তি এবং প্রতি-গোয়েন্দাবৃত্তি কার্যক্রম। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

কাউন্টার টেরোরিজম উইং (The Directorate of Counter Terrorism) টেরোরিস্টদের কার্যক্রম প্রতিরোধের মাধ্যমে বাংলাদেশের আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখা এবং বিদেশিদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা'র সবচেয়ে বড়ো এবং বিস্তৃত উইং এটি এবং এর কার্যপরিধি ব্যাপক ও বিশাল।

বিভিন্ন উইং-এর অধীনে একাধিক শাখা রয়েছে এবং তারা বিভিন্ন ধরনের কার্যক্রমের সাথে জড়িত। যেমন– টেকনিক্যাল শাখা সকল ধরনের প্রযুক্তিগত সাপোর্ট প্রদান করে থাকে এবং প্রশাসন শাখা সকল ধরনের লজিস্টিক সাপোর্ট প্রদান করে থাকে।

হাতিয়ার : এনএসআই-এর প্রাথমিক অস্ত্রগুলো হলো ওয়ালথার, নাইন এমএম পিস্তল, হ্যাকলার ও কচ ইউএসপি, জি১৭এসডি এবং গ্লক পিস্তল।

এনএসআই সরাসরি বাংলাদেশের প্রধানমন্ত্রী তত্ত্বাবধানে পরিচালিত হয় বিধায় অন্য কোনো সরকারি সংস্থা এ সংস্থার কার্যক্রমে বাধা সৃষ্টি করতে পারে না। স্বাধীন প্রতিষ্ঠান হওয়ায় এ সংস্থার কার্যক্রম দিনদিন বৃদ্ধি পাচ্ছে এবং এর মাধ্যমে সরকার বিভিন্ন বিষয়ে সঠিক দিকনির্দেশনা পাওয়ায় সরকারের সাফল্যও বৃদ্ধি পাচ্ছে।

⊙ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার পদক্রম

১. মহাপরিচালক/ Director General (DG) [সচিব সমমান]
২. পরিচালক/ Director [অতিরিক্ত সচিব]
৩. অতিরিক্ত পরিচালক/ Additional Director (AdD) [যুগ্ম-সচিব]
৪. যুগ্ম-পরিচালক/ Joint Director (JD) [উপ-সচিব]
৫. উপ-পরিচালক/ Deputy Director (DD) [সিন. সহকারী সচিব]
৬. সহকারী পরিচালক/ Assistant Director (AD) [সহকারী সচিব]
(১ম শ্রেণির গেজেটেড অফিসার)
৭. Field Officer (FO) [সাব-ইনেসপেক্টর অব পুলিশ সমমান]
(২য় শ্রেণির গেজেটেড অফিসার)
৮. Junior Field Officer (JFO)
৯. Watcher Constable (WC)
১০. Armed Constable (AC) [Police Constable]
other staff.

⊙ বাংলাদেশের গোয়েন্দা সংস্থা

এনএসআই (NSI) : ন্যাশনাল সিকিউরিটি ইনটেলিজেন্স বা এনএসআই হচ্ছে বাংলাদেশের প্রধান বেসামরিক গোয়েন্দা সংস্থা, যেটি সরাসরি প্রধানমন্ত্রীর দপ্তরের কাছে দায়বদ্ধ। এনএসআই'র প্রধান মহাপরিচালক। বাংলাদেশের সব প্রধান শহরে এ গোয়েন্দা সংস্থার নেটওয়ার্ক রয়েছে। অভ্যন্তরীণ গোয়েন্দা তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে সরকারকে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করাই হচ্ছে এনএসআই'র প্রধান কাজ।

ডিজিএফআই (DGFI) : ১৯৭৭ সালে ডাইরেক্টরেট অব ইনটেলিজেন্স (ডিএফআই) প্রতিষ্ঠা কর হয়। পরবর্তীতে এ প্রতিষ্ঠান ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইনটেলিজেন্স বা ডিজিএফআই-এ রূপান্তরিত হয়। দেশের ৬৪টি জেলায় ডিজিএফআইয়ের দপ্তর রয়েছে। ডিজিএফআইয়ের প্রধান মহাপরিচালক। তাকে সহযোগিতা করেন সাতজন পরিচালক। সামরিক নানা উদ্দেশ্য সাধন ও বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার জন্য প্রয়োজনীয় গোয়েন্দাগিরি করা এর কাজ। এর সদর দপ্তর ঢাকার কচুক্ষেতে।

সিআইডি (CID) : স্পর্শকাতর অপরাধের তদন্ত করে পুলিশের ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট বা সিআইডি, যার প্রধান হচ্ছে একজন অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল।

স্পেশাল ব্রাঞ্চ (SB) : পুলিশের স্পেশাল ব্রাঞ্চ অপরাধের তদন্ত, অভ্যন্তরীণ গোয়েন্দাগিরি ও পাল্টা গোয়েন্দাগিরি করে থাকে। পুলিশের একজন অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল স্পেশাল ব্রাঞ্চের প্রধান। স্পেশাল ব্রাঞ্চ এর বিভিন্ন উইং বা শাখার মাধ্যমে সারা দেশে কাজ করে। যেমন রাজনৈতিক শাখা, ছাত্র ও শ্রমিক শাখা, পাসপোর্ট ও ইমিগ্রেশন শাখা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্র। ১৯৬৩ সালে পুলিশের স্পেশাল ব্রাঞ্চ প্রতিষ্ঠিত হয়, যার সদর দপ্তর মালিবাগে।

সিআইইউ (CIU) : ঢাকা মেট্রোপলিটন পুলিশের নতুন গোয়েন্দা বাহিনীর নাম ক্রিমিনাল ইন্টেলিজেন্স ইউনিট (CIU)। ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) বিধিমালা ২০০৬-এর এআরও নং ২৬৫ আইন/২০০৬, ডিএমপি অর্ডিনেন্স ১৯৭৬-এর সেকশন ১০৯-এর বিধি ১০ মোতাবেক 'ক্রিমিনাল ইন্টেলিজেন্স ইউনিট' গঠন করা হয়েছে।

⊙ বাংলাদেশ স্পেশাল বাহিনী

এসএসএফ (SSF) : এসএসএফ প্রতিষ্ঠিত হয় ১৫ জুন, ১৯৮৬ সালে। এসএসএফ (SSF)-এর পূর্ণরূপ হলো Special Security Force. এসএসএফ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন। এসএসএফ (SSF)-এর পূর্বনাম ছিল প্রেসিডেন্সিয়াল সিকিউরিটি ফোর্স (PSF). এই নাম পরিবর্তন করা হয় ১৯৯১ সালে। এসএসএফ রাষ্ট্র ও সরকার প্রধান এবং সরকার ঘোষিত ভিআইপিদের নিরাপত্তার দায়িত্বে থাকে। এসএসএফ (SSF)-এর সদর দপ্তর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অবস্থিত।

প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR) : প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট প্রতিষ্ঠিত হয় ৫ জুলাই, ১৯৭৫ সালে। এর সদর দপ্তর ঢাকা সেনানিবাসে অবস্থিত। PGR-এর পূর্ণরূপ হলো President Guard Regiment. পিজিআর স্বতন্ত্র রেজিমেন্টের মর্যাদা লাভ করে, জুম ২০১৩ সালে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে 'ফরমেশন সাইন' গ্রহণের মধ্য দিয়ে 'প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট' (পিজিআর) একটি স্বতন্ত্র রেজিমেন্টের মর্যাদা লাভ করে। ৫ জুলাই, ১৯৭৫ 'পিজিআর' গঠিত হলেও এ বাহিনীর কোনো 'ফরমেশন সাইন' ছিল না।

⊙ বাংলাদেশ পুলিশের উল্লেখযোগ্য শাখা

বাহিনী	প্রধান	বাহিনী	প্রধান
১. স্পেশাল ব্রাঞ্চ (SB)	এডিশনাল আইজি	১০. বাংলাদেশ পুলিশ উইমেন নেটওয়ার্ক	ডিআইজি
২. সিআইডি	এডিশনাল আইজি	১১. হাইওয়ে পুলিশ	ডিআইজি
৩. মেট্রোপলিটন পুলিশ	কমিশনার	১২. ট্যুরিস্ট পুলিশ	ডিআইজি
৪. র‍্যাব	মহাপরিচালক	১৩. শিল্পাঞ্চল পুলিশ	ডিআইজি
৫. রেলওয়ে পুলিশ (জিআরপি)	ডিআইজি	১৪. ক্রিমিনাল ইন্টেলিজেন্স ইউনিট (CIU)	সহকারী পুলিশ কমিশনার
৬. আর্মড পুলিশ ব্যাটালিয়ন	ডিআইজি	১৫. পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (PBI)	ডিআইজি
৭. পুলিশ ইন্টারনাল ওভারসাইট	ডিআইজি	১৬. নৌ পুলিশ	ডিআইজি
৮. ইমিগ্রেশন পুলিশ	ডিআইজি	১৭. স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রোটেকশন ব্যাটালিয়ন (SPB_N)	ডিআইজি
৯. সোয়াট	ডিআইজি	–	–

◙ বাংলাদেশের গোয়েন্দা সংস্থাসমূহ

নাম	পূর্ণরূপ	যে সংস্থার গোয়েন্দা
অপরাধ তদন্ত বিভাগ (CID)	Criminal Investigation Department (CID)	বাংলাদেশ পুলিশ
বিশেষ শাখা (SB)	Special Branch (SB)	বাংলাদেশ পুলিশ
পুলিশ ইন্টারনাল ওভারসাইট (PIO)	Police Internal Oversight (PIO)	বাংলাদেশ পুলিশ
ক্রিমিনাল ইন্টেলিজেন্স অ্যানালাইসিস ইউনিট	Criminal Intelligence Analyses Unit	বাংলাদেশ পুলিশ
ডিটেকটিভ অ্যান্ড ক্রিমিনাল ইন্টেলিজেন্স ব্রাঞ্চ	Detective and Criminal Intelligence Branch	ঢাকা মহানগর পুলিশ
র‍্যাব ইন্টেলিজেন্স উইং	RAB Intelligence Wing	র‍্যাব
ফিনান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU)	Financial Intelligence Unit	বাংলাদেশ ব্যাংক
সেন্ট্রাল ইন্টেলিজেন্স ইউনিট (CIU)	Central Intelligence Unit	জাতীয় রাজস্ব বোর্ড
প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI)	Directorate General of Forces Intelligence	সামরিক বাহিনী
জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)	National Security Intelligence	বাংলাদেশ সরকার
সামরিক গোয়েন্দা শাখা (বিভাগ) (DMI)	Directorate of Ministry Intelligence	সামরিক বাহিনী
ডিরেক্টরেট অব নেভাল ইন্টেলিজেন্স	Directorate of Naval Intelligence	বাংলাদেশ নৌবাহিনী
অফিস অব এয়ার ইন্টেলিজেন্স	Office of Air Intelligence	বাংলাদেশ বিমানবাহিনী
বর্ডার সিকিউরিটি ব্যুরো	Border Security Bureau	বর্ডার গার্ড বাংলাদেশ

◙ বিশ্বের কতিপয় দেশের গোয়েন্দা সংস্থা

দেশ	গোয়েন্দা সংস্থার নাম	প্রতিষ্ঠাকাল	দেশ	গোয়েন্দা সংস্থার নাম	প্রতিষ্ঠাকাল
বাংলাদেশ	CID, SB, DB NSI, CI	১৯৭২	আফগানিস্তান	NDS	৩০ জুলাই, ২০০৩
ভারত	RAW, CBI	১৯৪৭, ১৯৬৩	কানাডা	CSIS	২১ জুন, ১৯৮৪
পাকিস্তান	ISI, FIA, FSO	১৯৪৮	কিউবা	DGI, RAFI	১৯৬১
চীন	MSS	-	হংকং	CIB	-
জাপান	Naicho	-	ইন্দোনেশিয়া	BIN	-
ইসরাইল	মোসাদ, আমান	১৩ ডিসেম্বর, ১৯৪৯	ইতালি	AISI	-
ইরান	IRORIIM	১৮ আগস্ট, ১৯৮৪	দক্ষিণ কোরিয়া	NIS	১৯৬১
ইরাক	INIS	-	মালয়েশিয়া	SB	-
মিশর	মুখবরাত	-	মালদ্বীপ	MNDF	১৯৭৮
জার্মান	BND, BFV	-	সিঙ্গাপুর	SID	১৯৬৬
ফ্রান্স	DGSE	২ এপ্রিল, ১৯৮২	দক্ষিণ আফ্রিকা	NIA	১৯৯৪
যুক্তরাষ্ট্র	CIA, FBI, NGA, NSA, INR	২৬ জুলাই, ১৯৪৭	শ্রীলংকা	NIB	১৯৮৪
সাবেক সোভিয়েত ইউনিয়ন	KGB		সিরিয়া	GSD	-
রাশিয়া	FAPSI	২৭ মে, ১৯৯৬	থাইল্যান্ড	NIA	-
অস্ট্রেলিয়া	ASIO, ASIS	১৬ মার্চ, ১৯৪৯	তুরস্ক	NIO	১৯৬৫
যুক্তরাজ্য	SIS, SS	১৯০৯	-	-	-

◙ বিশ্বের কয়েকটি গোয়েন্দা সংস্থা

কে. জি. বি (KGB) : সাবেক সোভিয়েত ইউনিয়নের গোয়েন্দা সংস্থা, এই সংস্থা সোভিয়েত ইউনিয়নের পক্ষে দেশে-বিদেশে গোপন তথ্য ও সংবাদ সংগ্রহসহ যাবতীয় গুপ্তচর বৃত্তির দায়িত্বে নিয়োজিত ছিল। এই গুপ্তচর সংস্থার সদর দপ্তর মস্কোর দুই নম্বর জেরিজিনস্কি/ জেরঝিনস্কি স্কোয়ারে। KGB-এর পূর্ণরূপ Komitet Gosudarstvennoy Bezpoasnosti.

এফ. বি. আই (FBI) : FBI-এর পূর্ণরূপ Federal Bureau of Investigation. মার্কিন প্রেসিডেন্ট থিওডোর রুজভেল্ট পশ্চিম আমেরিকার দস্যু ও পূর্ব আমেরিকার অপরাধীদের দমনের উদ্দেশ্যে ১৯০৮ সালে এফবিআই প্রতিষ্ঠা করেন। ১৯২৪ সালে এডলার হুভার মাত্র ২৯ বছর বয়সে এই সংস্থার প্রধান হন এবং তিনি দীর্ঘ ৫০ বছর যাবৎ এই দায়িত্ব পালন করেন। এফবিআই মূলত, অভ্যন্তরীণ গোয়েন্দা সংস্থা। এই সংস্থার প্রত্যেক সদস্য আইন, প্রশাসন সম্পর্কে সুশিক্ষিত এবং যুদ্ধ, অস্ত্রের ব্যবহার এবং অপরাধের কলাকৌশল সম্পর্কে কঠোর প্রশিক্ষণ প্রাপ্ত। এই সংস্থা দেশের অপরাধী এবং বিদেশি গুপ্তচরদের সঙ্গে মোকাবিলা করে।

আই. এস. আই (ISI) : ISI-এর পূর্ণরূপ হলো Inter Services Intelligence. ১৯৪৭ সালে পাকিস্তান স্বাধীন হওয়ার পর ব্রিটিশ আই.বি (Intelligence Bureau) কর্মচ্যুত পাকিস্তানি গোয়েন্দাদের নিয়ে আই.বি পাকিস্তানে পুনর্গঠিত হয়। জানা যায় জুলফিকার আলী ভুট্টো প্রধানমন্ত্রী হওয়ার পর পাকিস্তানি সেনাবাহিনীর ওপর কর্তৃত্ব বাড়ানোর উদ্দেশ্যে পাকিস্তানি আই.বি সদস্যদের নিয়ে আই. এস. আই. প্রতিষ্ঠা করেন। বর্তমানে এই গোয়েন্দা সংস্থা বিশ্বব্যাপী তাদের কর্ম তৎপরতা পরিচালনা করে। বিশেষ করে ভারত, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও বাংলাদেশে তাদের তৎপরতা বেশি।

RAW : RAW-এর পূর্ণরূপ হলো Research and Analysis Wing. ১৯৪৭ সালে ভারত স্বাধীন হওয়ার পর ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত Investigation Bureau গুপ্তচর সংস্থাকে পুনর্গঠিত করে ভারতীয় গোয়েন্দা সংস্থা প্রতিষ্ঠা করা হয় এবং নামকরণ করা হয় RAW. ইন্দিরা গান্ধীর আমলে তার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আর. এন. কাও এর তত্ত্বাবধানে RAW ('র') প্রতিষ্ঠিত হয়। RAW এর কার্যক্রমে সহযোগিতা করার জন্য CBI (Central Bureau of Investigation), SSB (Special Service Bureau) এবং ARC (Aviation Research Center) নামের শাখা রয়েছে। RAW এর গুপ্তচর বৃত্তি পরিচালনার জন্য সব ধরনের বিশেষজ্ঞ আছে। বিশ্বের বিভিন্ন দেশ থেকে সংগৃহীত গোপন তথ্য এই সংস্থা সংগ্রহ করে, সংস্থার প্রধান প্রধানমন্ত্রীকে অবহিত করেন। বর্তমানে এই সংস্থার সদর দপ্তর দিল্লি।

▣ পুলিশ বিষয়ক শব্দ সংক্ষেপ

ASP	Assistant Superintendent of Police.
CID	Criminal Investigation Department.
DB	Detective Branch.
DGFI	Director General of Forces Intelligence.
FIR	First Information Report.
IGP	Inspector General of Police.
NSI	National Security Intelligence.
PRB	Police Regulation of Bengal.
SB	Special Branch.
SP	Superintendent of Police.
DIGP	Deputy Inspector General of Police.
GD	General Diary.
RP	Rail Police.
SAF	Special Armed Force
SE	Speed Enforcement.
IO	Investigation Officer.
OC	Officer in Charge.
BPCS	Bangladesh Police Co-operative Society.
IPM	International Police Monitor.
ICPC	International Criminal Police Commission.
DMP	Dhaka Metropolitan Police.
RMP	Rajshahi Metropolitan Police.
KMP	Khulna Metropolitan Police.
CMP	Chittagong Metropolitan Police.
BMP	Barishal Metropolitan Police.
SMP	Sylhet Metropolitan Police.
GMP	Gazipur Metropolitan Police.
RMP	Rangpur Metropolitan Police.
VCNB	Village Crime Note Book.

◉ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রশ্ন বাংলাদেশের প্রধান গোয়েন্দা সংস্থার নাম কী?
উত্তর : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) সংস্থা।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর নীতিবাক্য কী?
উত্তর : জাতির জন্য দেখা ও শোনা, জাতীয় নিরাপত্তা রক্ষার জন্য।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর জেলা পর্যায়ে ইউনিট প্রধানের পদবি কী?
উত্তর : যুগ্ম-পরিচালক।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) কী ধরনের সংস্থা?
উত্তর : একটি স্বাধীন সংস্থা।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর : ২৯ ডিসেম্বর, ১৯৭২ সালে।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : সেগুনবাগিচা, ঢাকা।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর পূর্ণরূপ কী?
উত্তর : NSI-এর পূর্ণরূপ হলো : National Security Intelligence.

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর প্রধানের পদবি কী?
উত্তর : মহাপরিচালক।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) কী ধরনের গোয়েন্দা সংস্থা?
উত্তর : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) হচ্ছে বাংলাদেশের প্রধান বেসরকারি গোয়েন্দা সংস্থা।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI) কোন মন্ত্রণালয়ের অধীন?
উত্তর : প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন।

প্রশ্ন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর প্রধান কাজ কী?
উত্তর : অভ্যন্তরীণ গোয়েন্দা তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে সরকারকে সঠিক সিদ্ধান্ত গ্রহণের সহযোগিতা করাই হচ্ছে এই সংস্থার প্রধান কাজ।

প্রশ্ন বর্তমানে কোথায় জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হচ্ছে?
উত্তর : ধামরাই, ঢাকা।

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর : ১৫ জুন, ১৯৮৬ সালে।

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF)-এর পূর্ণরূপ কী?
উত্তর : SSF-এর পূর্ণরূপ হলো : Special Security Force.

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) কোন মন্ত্রণালয়ের অধীন?
উত্তর : প্রধানমন্ত্রীর কার্যালয়।

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF)-এর পূর্বনাম কী ছিল?
উত্তর : প্রেসিডেন্সিয়াল সিকিউরিটি ফোর্স (PSF)।

প্রশ্ন প্রেসিডেন্সিয়াল সিকিউরিটি ফোর্স (PSF) নাম কবে পরিবর্তন করা হয়?
উত্তর : ১৯৯১ সালে।

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF) কাদের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত?
উত্তর : রাষ্ট্র ও সরকার প্রধান এবং সরকার ঘোষিত ভিআইপিদের।

প্রশ্ন স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে।

প্রশ্ন প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR) প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর : ৫ জুলাই, ১৯৭৫ সালে।

প্রশ্ন প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : ঢাকা সেনানিবাস।

প্রশ্ন প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR)-এর পূর্ণরূপ কী?
উত্তর : PGR-এর পূর্ণরূপ হলো : President Guard Regiment.

প্রশ্ন প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR) কবে স্বতন্ত্র রেজিমেন্টের মর্যাদা লাভ করে?
উত্তর : জুন, ২০১৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে 'ফরমেশন সাইন' গ্রহণের মধ্য দিয়ে 'প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট' (পিজিআর) একটি স্বতন্ত্র রেজিমেন্টের মর্যাদা লাভ করে।

প্রশ্ন : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI) প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তর : ১৯৭৭ সালে।
প্রশ্ন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : ঢাকার কচুক্ষেতে।
প্রশ্ন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI)-এর প্রধানের পদবি কী?
উত্তর : মহাপরিচালক।
প্রশ্ন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (DGFI)-এর পূর্ণরূপ কী?
উত্তর : DGFI-এর পূর্ণরূপ হলো : Directorate General of Forces Intelligence.
প্রশ্ন অপরাধ তদন্ত বিভাগ (CID)-এর পূর্ণরূপ কী?
উত্তর : CID-এর পূর্ণরূপ হলো : Crime Investigation Department.
প্রশ্ন অপরাধ তদন্ত বিভাগ (CID)-এর প্রধানের পদবি কী?
উত্তর : অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল।
প্রশ্ন স্পেশাল ব্রাঞ্চ (SB) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৬৩ সালে।
প্রশ্ন স্পেশাল ব্রাঞ্চ (SB)-এর পূর্ণরূপ কী?
উত্তর : SB-এর পূর্ণরূপ হলো : Special Branch.
প্রশ্ন স্পেশাল ব্রাঞ্চ (SB)-এর প্রধানের পদবি কী?
উত্তর : অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল।
প্রশ্ন স্পেশাল ব্রাঞ্চ (SB)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : মালিবাগ, ঢাকা।
প্রশ্ন সেন্ট্রাল ইন্টিলিজেন্স ইউনিট (CIU)-এর পূর্ণরূপ কী?
উত্তর : CIU-এর পূর্ণরূপ হলো : Criminal Intelligence Unit.
প্রশ্ন ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (FBI)-এর পূর্ণরূপ কী?
উত্তর : FBI-এর পূর্ণরূপ হলো : Federal Bureau of Investigation.
প্রশ্ন ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (FBI) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯০৮ সালে।
প্রশ্ন ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (FBI) কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : যুক্তরাষ্ট্রের।
প্রশ্ন ইন্টার সার্ভিস ইন্টিলিজেন্স (ISI)-এর পূর্ণরূপ কী?
উত্তর : ISI-এর পূর্ণরূপ হলো : Inter Service Intelligence.
প্রশ্ন ইন্টার সার্ভিস ইন্টিলিজেন্স (ISI) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৪৮ সালে।
প্রশ্ন ইন্টার সার্ভিস ইন্টিলিজেন্স (ISI) কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : পাকিস্তানের।
প্রশ্ন রিসার্চ এন্ড এনালাইসিস উইং (RAW)-এর পূর্ণরূপ কী?
উত্তর : RAW-এর পূর্ণরূপ হলো : Research and Analysis Wing.
প্রশ্ন রিসার্চ এন্ড এনালাইসিস উইং (RAW) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৪৭ সালে।
প্রশ্ন রিসার্চ এন্ড এনালাইসিস উইং (RAW) কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : ভারতের।
প্রশ্ন রিসার্চ এন্ড এনালাইসিস উইং (RAW)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর : দিল্লি, ভারত।
প্রশ্ন সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (CBI)-এর পূর্ণরূপ কী?
উত্তর : CBI-এর পূর্ণরূপ হলো : Central Bureau of Investigation.
প্রশ্ন সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (CBI) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৬৮ সালে।
প্রশ্ন সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (CBI) কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : ভারতের।

প্রশ্ন স্পেশাল সার্ভিস ব্যুরো (SSB)-এর পূর্ণরূপ কী?
উত্তর : Special Service Bureau.
প্রশ্ন স্পেশাল সার্ভিস ব্যুরো (SSB) কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : ভারতের।
প্রশ্ন মোসাদ প্রতিষ্ঠিত হয় কত সালে?
উত্তর : ১৩ ডিসেম্বর, ১৯৪৯ সালে।
প্রশ্ন মোসাদ কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : ইসরাইল।
প্রশ্ন CIA কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ২৬ জুলাই, ১৯৪৭ সালে।
প্রশ্ন CIA কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : যুক্তরাষ্ট্র।
প্রশ্ন SIS কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯০৯ সালে।
প্রশ্ন SIS কোন দেশের গোয়েন্দা সংস্থা?
উত্তর : যুক্তরাজ্য।
প্রশ্ন পুলিশ ইন্টারনাল অভারসাইট (PIO)-এর পূর্ণরূপ কী?
উত্তর : PIO-এর পূর্ণরূপ হলো : Police Internal Oversight.
প্রশ্ন পুলিশ ইন্টারনাল অভারসাইট (PIO) কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বাংলাদেশ পুলিশ বাহিনী।
প্রশ্ন 'ডিরেক্টরেট অব নেভাল ইন্টেলিজেন্স' কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বাংলাদেশ নৌবাহিনী।
প্রশ্ন 'অফিস অব এয়ার ইন্টেলিজেন্স' কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বাংলাদেশ বিমানবাহিনী।
প্রশ্ন 'বর্ডার সিকিউরিটি ব্যুরো' কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বর্ডার গার্ড বাংলাদেশ।
প্রশ্ন সামরিক গোয়েন্দা শাখা (বিভাগ) DMI-এর পূর্ণরূপ কী?
উত্তর : DMI-এর পূর্ণরূপ হলো : Directorate of Ministry Intelligence.
প্রশ্ন সামরিক গোয়েন্দা শাখা (বিভাগ) DMI কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বাংলাদেশ সামরিক বাহিনী।
প্রশ্ন র‍্যাব ইন্টেলিজেন্স উইং কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : র‍্যাব।
প্রশ্ন 'ডিটেকটিভ অ্যান্ড ক্রিমিনাল ইন্টেলিজেন্স ব্রাঞ্চ' কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : ঢাকা মহানগর পুলিশ।
প্রশ্ন 'ক্রিমিনাল ইন্টেলিজেন্স অ্যানালাইসিস ইউনিট' কোন বাহিনীর গোয়েন্দা সংস্থা?
উত্তর : বাংলাদেশ পুলিশ।
প্রশ্ন ডিটেকটিভ ব্রাঞ্চ (DB)-এর পূর্ণরূপ কী?
উত্তর : DB-এর পূর্ণরূপ হলো : Detective Branch.
প্রশ্ন ডিটেকটিভ ব্রাঞ্চ (DB) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৭২ সালে।
প্রশ্ন 'স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল' কোথায় অবস্থিত?
উত্তর : রাজারবাগ, ঢাকা।
প্রশ্ন 'স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ২০ সেপ্টেম্বর, ১৯৯২ সালে।
প্রশ্ন ডিটেকটিভ ট্রেনিং স্কুল (DTS) কোথায় অবস্থিত?
উত্তর রাজারবাগ, ঢাকা।
প্রশ্ন ডিটেকটিভ ট্রেনিং স্কুল (DTS) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর : ১৯৬৩ সালে।

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত বেসরকারি স্কুল ও কলেজের ঐচ্ছিক (লিখিত) নিবন্ধন বইসমূহ

- বাংলা
- ইংরেজি
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- রাষ্ট্রবিজ্ঞান
- অর্থনীতি
- ব্যবস্থাপনা
- ইসলাম শিক্ষা
- হিসাববিজ্ঞান
- উদ্ভিদবিজ্ঞান
- গার্হস্থ্য অর্থনীতি
- ফিন্যান্স
- দর্শন
- গণিত
- ভূগোল ও পরিবেশ
- ইতিহাস
- সমাজকর্ম
- সমাজবিজ্ঞান
- কৃষি
- কম্পিউটার
- প্রাণিবিজ্ঞান
- মার্কেটিং
- পদার্থবিজ্ঞান
- রসায়ন
- সাচিবিক বিদ্যা
- হিসাবরক্ষণ
- ব্যাংকিং
- ভাষা (জুনিয়র শিক্ষক)
- মনোবিজ্ঞান
- আরবি (মাদ্রাসা)
- উদ্যোক্তা উন্নয়ন
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া
- হিন্দুধর্ম শিক্ষা
- গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত বিসিএস প্রিলিমিনারি সহায়িকা

- বাংলা ভাষা ও সাহিত্য
- English Language & Literature
- বাংলাদেশ বিষয়াবলি
- আন্তর্জাতিক বিষয়াবলি
- ভূগোল পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা
- সাধারণ বিজ্ঞান
- কম্পিউটার ও তথ্য প্রযুক্তি
- গাণিতিক যুক্তি
- মানসিক দক্ষতা
- নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন
- বিসিএস প্রিলিমিনারি ডাইজেস্ট
- বিসিএস ভাইভা সহায়িকা

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত ব্যাংক জব সিরিজ

- ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ব্যাংক সমূহের নিয়োগ সহায়িকা
- Govt. Bank Job Solution
- Private Bank Job Solution
- Recent Bank Job Solution
- Bank Job VIVA
- Bank Written Digest
- বাংলাদেশ ব্যাংক নিয়োগ সহায়িকা।
- বাংলাদেশ কৃষি ব্যাংক নিয়োগ সহায়িকা।
- সোনালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- রূপালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- অগ্রণী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- জনতা ব্যাংক নিয়োগ সহায়িকা।
- রাজশাহী কৃষি উঃ ব্যাংক নিয়োগ সহায়িকা।
- কর্মসংস্থান ব্যাংক নিয়োগ সহায়িকা।
- ইসলামী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- পূবালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- উত্তরা ব্যাংক নিয়োগ সহায়িকা।

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত অন্যান্য নিয়োগ সহায়িকা

- মাসিক কারেন্ট টাইমস
- জব সলিউশন।
- নিবন্ধন ভাইভা সহায়িকা
- প্রাথমিক শিক্ষক নিয়োগ ভাইভা সহায়িকা
- বেসরকারি শিক্ষক নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট– স্কুল/ স্কুল-২ পর্যায়।
- বেসরকারি প্রভাষক নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট– কলেজ/সমপর্যায়।
- প্রাথমিক শিক্ষক নিয়োগ সহায়িকা।
- একটি বাড়ি একটি খামার নিয়োগ সহায়িকা।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিয়োগ সহায়িকা।
- সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফ নিয়োগ সহায়িকা
- পরিবার পরিকল্পনা নিয়োগ সহায়িকা
- কম্পিউটার অপারেটর/অফিস সহকারী নিয়োগ সহায়িকা

BOIGHAR.COM
Boighar.com

দিকদর্শন®
স্বপ্ন পূরণের অঙ্গীকার

প্রধানমন্ত্রীর কার্যালয়ে
জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)
নিয়োগ সহায়িকা

বিগত সালের
প্রশ্ন সমাধান

Boighar.com

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত বেসরকারি স্কুল ও কলেজের ঐচ্ছিক (লিখিত) নিবন্ধন বইসমূহ

- বাংলা
- ইংরেজি
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- রাষ্ট্রবিজ্ঞান
- অর্থনীতি
- ব্যবস্থাপনা
- ইসলাম শিক্ষা
- হিসাববিজ্ঞান
- উদ্ভিদবিজ্ঞান
- গার্হস্থ্য অর্থনীতি
- ফিন্যান্স
- দর্শন
- গণিত
- ভূগোল ও পরিবেশ
- ইতিহাস
- সমাজকর্ম
- সমাজবিজ্ঞান
- কৃষি
- কম্পিউটার
- প্রাণিবিজ্ঞান
- মার্কেটিং
- পদার্থবিজ্ঞান
- রসায়ন
- সাচিবিক বিদ্যা
- হিসাবরক্ষণ
- ব্যাংকিং
- ভাষা (জুনিয়র শিক্ষক)
- মনোবিজ্ঞান
- আরবি (মাদ্রাসা)
- উদ্যোক্তা উন্নয়ন
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া
- হিন্দুধর্ম শিক্ষা
- গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত বিসিএস প্রিলিমিনারি সহায়িকা

- বাংলা ভাষা ও সাহিত্য
- English Language & Literature
- বাংলাদেশ বিষয়াবলি
- আন্তর্জাতিক বিষয়াবলি
- ভূগোল পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা
- সাধারণ বিজ্ঞান
- কম্পিউটার ও তথ্য প্রযুক্তি
- গাণিতিক যুক্তি
- মানসিক দক্ষতা
- নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন
- বিসিএস প্রিলিমিনারি ডাইজেস্ট
- বিসিএস ভাইভা সহায়িকা

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত ব্যাংক জব সিরিজ

- ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ব্যাংক সমূহের নিয়োগ সহায়িকা
- Govt. Bank Job Solution
- Private Bank Job Solution
- Recent Bank Job Solution
- Bank Job VIVA
- Bank Written Digest
- বাংলাদেশ ব্যাংক নিয়োগ সহায়িকা।
- বাংলাদেশ কৃষি ব্যাংক নিয়োগ সহায়িকা।
- সোনালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- রূপালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- অগ্রণী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- জনতা ব্যাংক নিয়োগ সহায়িকা।
- রাজশাহী কৃষি উঃ ব্যাংক নিয়োগ সহায়িকা।
- কর্মসংস্থান ব্যাংক নিয়োগ সহায়িকা।
- ইসলামী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- পূবালী ব্যাংক নিয়োগ সহায়িকা।
- উত্তরা ব্যাংক নিয়োগ সহায়িকা।

দিকদর্শন প্রকাশনী লিঃ কর্তৃক প্রকাশিত অন্যান্য নিয়োগ সহায়িকা

- মাসিক কারেন্ট টাইমস
- জব সলিউশন।
- নিবন্ধন ভাইভা সহায়িকা
- প্রাথমিক শিক্ষক নিয়োগ ভাইভা সহায়িকা
- বেসরকারি শিক্ষক নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট– স্কুল/ স্কুল-২ পর্যায়।
- বেসরকারি প্রভাষক নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট– কলেজ/সমপর্যায়।
- প্রাথমিক শিক্ষক নিয়োগ সহায়িকা।
- একটি বাড়ি একটি খামার নিয়োগ সহায়িকা।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিয়োগ সহায়িকা।
- সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফ নিয়োগ সহায়িকা
- পরিবার পরিকল্পনা নিয়োগ সহায়িকা
- কম্পিউটার অপারেটর/অফিস সহকারী নিয়োগ সহায়িকা

BOIGHAR.COM

প্রশ্ন প্রতিরক্ষা মন্ত্রণালয় নির্বাচনি পরীক্ষা- ২০১৮

পদ : সহকারী পরিচালক

তারিখ : ০২.০২.২০১৮; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৮০

1. কোন বানানটি শুদ্ধ ?

● সমীচীন ⓚ সমিচীন
ⓖ সমীচিন ⓖ সমিচিন

ব্যাখ্যা **বাংলা শুদ্ধ বানান :** সমীচীন, পিপীলিকা, প্রজ্বলিত, বিভীষিকা, ভাগীরথী, স্বায়ত্তশাসন, সৌহার্দ ইত্যাদি।

2. কোন বাক্যটি শুদ্ধ?

ⓚ সেদিন থেকে তিনি আর সেখানে যায় না।
● তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম।
ⓖ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
ⓖ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ।

ব্যাখ্যা **কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বাক্য :**

অশুদ্ধ	শুদ্ধ
তার কথা শুনে আমি আশ্চর্য হলাম	তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম
একথা শুনে আমি বিস্ময় হয়েছি	একথা শুনে আমি বিস্মিত হয়েছি
একথা প্রমাণ হয়েছে	একথা প্রমাণিত হয়েছে
দুষ্কৃতকারীরা সমাজের শত্রু	দুষ্কৃতকারী সমাজের শত্রু

3. 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত'- এ স্মরণীয় চরণটি কে লিখেছেন?

ⓚ সিকান্দার আবু জাফর ⓚ সুকান্ত ভট্টাচার্য
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ● সুভাষ মুখোপাধ্যায়

ব্যাখ্যা **কিছু বিখ্যাত পঙ্‌ক্তি :**

⊙ 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত' – সুভাষ মুখোপাধ্যায়।
⊙ 'যে জন দিবসে মনের হরষে
জ্বালায় মোমের বাতি'– কৃষ্ণচন্দ্র মজুমদার।
⊙ 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' –রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।
⊙ 'এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ,
মরণে তাই তুমি করে গেলে দান'–রবীন্দ্রনাথ ঠাকুর।

4. 'অহরহ' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?

ⓚ অহ + রহ ⓚ অহঃ + রহ
ⓖ অহো + রহ ● অহঃ + অহ

ব্যাখ্যা

শব্দ	সন্ধি বিচ্ছেদ	শব্দ	সন্ধি বিচ্ছেদ
অহরহ	অহঃ + অহ	চতুরঙ্গ	চতুঃ + অঙ্গ
পদ্ধতি	পদ্ + হতি	ব্যাকরণ	বি + আ + কৃ + অন

5. 'মার্তণ্ড'-এ শব্দটির সমার্থক শব্দ কোনটি?

ⓚ নিষ্ঠুর ● সূর্য ⓖ কঠোর ⓖ সাধু

ব্যাখ্যা **কিছু গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ**

শব্দ	সমার্থক শব্দ
সূর্য	আদিত্য, দিবাকর, মার্তণ্ড, সবিতা, অর্ক, আফতাব, ভানু, প্রভাকর, পুষা, বালার্ক, বিবস্বান ইত্যাদি।
চাঁদ	বিধু, শশাঙ্ক, শশধর, নিশাকর, সুধাংশু, হিমাংশু, ইন্দু, কলাভৃৎ, সোম, মৃগাঙ্ক, শশী, দ্বিজরাজ, চন্দ্রমা, কলানিধি, হিমকর ইত্যাদি।

6. 'যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে'-এর বাক্য সংকোচন কী হবে?

ⓚ অযত্নলব্ধ ● অযত্নসম্ভূত
ⓖ অযত্নজাত ⓖ অনায়াসলব্ধ

ব্যাখ্যা **গুরুত্বপূর্ণ বাক্য সংকোচন :**

ক. যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে— অযত্নসম্ভূত।
খ. ইচ্ছামতো কাজ বা আচরণ করে যে— স্বেচ্ছাচারী।
গ. সদ্য দোহনকৃত উষ্ণ দুধ— ধারোষ্ণ।
ঘ. অভ্রান্ত জ্ঞান— প্রমা।

7. 'শিরে সংক্রান্তি' বাগধারার অর্থ কী?

ⓚ মাথায় ব্যথা ⓚ মাথায় গণ্ডগোল
● আসন্ন বিপদ ⓖ অকল্যাণ

ব্যাখ্যা

বাগধারা	অর্থ
শিরে সংক্রান্তি	আসন্ন বিপদ
রামগরুড়ের ছানা	গোমড়ামুখো লোক
কূপমণ্ডূক	সীমিত জ্ঞানের মানুষ
হরিষে বিষাদ	আনন্দে বিষাদ

8. 'Corrigendum' শব্দের অর্থ কী?

● শুদ্ধিপত্র ⓚ পুনর্বিন্যাস
ⓖ স্থাপত্যকলা ⓖ অনুরোধপত্র

ব্যাখ্যা **গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ :**

Corrigendum	শুদ্ধিপত্র	Ordnance	সমরাস্ত্র
Ordinance	অধ্যাদেশ	Subconcious	অবচেতন

9. 'পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ⓚ পদ + ধতি ⓚ পৎ + ধতি
ⓖ পথ + ধতি ● পদ্ + হতি

10. 'হজযাত্রা' কোন সমাসের উদাহরণ?

ⓚ ৩য়া তৎপুরুষ ● ৪র্থী তৎপুরুষ
ⓖ ৫মী তৎপুরুষ ⓖ ৭মী তৎপুরুষ

ব্যাখ্যা পূর্বপদে চতুর্থ বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমন ছাত্রাবাস, শিশুমঙ্গল, মুসাফিরখানা, হজযাত্রা, রান্নাঘর ইত্যাদি।

11. 'গাছ হতে ফলটি পড়ল'- কোন কারকে কোন বিভক্তি?

ⓚ অপাদানে ৬ষ্ঠী ⓚ করণে ৯মী
● অপাদানে ৫মী ⓖ কর্মে ২য়া

ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন :

গাছ হতে ফলটি পড়ল	অপাদানে ৫মী
যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যে হয়	অপাদানে ৬ষ্ঠী
তিলে তৈল হয়	অপাদানে ৭মী

12. 'কবি কঙ্কন' কার উপাধি?

ⓚ বিজয় গুপ্ত ⓚ দ্বিজ মাধব
● মুকুন্দরাম চক্রবর্তী ⓖ মালাধর বসু

ব্যাখ্যা ষোড়শ শতকে চণ্ডীমঙ্গল কাব্যের সর্বাধিক প্রসার ঘটে। এ ধারার সর্বশ্রেষ্ঠ কবি কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী। তাঁকে দুঃখবাদী কবি বলা হতো। রাজা রঘুনাথ তাঁর কবি প্রতিভার স্বীকৃতিস্বরূপ তাকে 'কবিকঙ্কন' উপাধি দেন। তিনি 'শ্রীশ্রীচণ্ডীমঙ্গল কাব্য' রচনা করেন।

BOIGHAR.COM

Boighar.com

13. 'অলীক' শব্দের বিপরীত শব্দ কী?
ⓚ লৌকিক ● বাস্তব
ⓖ পরলৌকিক ⓘ অবাস্তব

ব্যাখ্যা

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অলীক	বাস্তব	উচাটন	প্রশান্ত
ঐহিক	পারত্রিক	উন্মীলন	নিমীলন
উৎকর্ষ	অপকর্ষ		

14. 'ব্যাকরণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কী?
ⓚ বি + আ + কৃ + অণ ● বি + আ + কৃ + অন
ⓖ বি + অ + কৃ + অণ ⓘ বি + আ + ক + অণ

15. 'Ordinance' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?
● অধ্যাদেশ ⓚ ক্রম ⓖ সমরাস্ত্র ⓘ আদেশ

Note Ordnance-এর শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো সমরাস্ত্র।

16. 'মুজিব-লেনিন-ইন্দিরা' কাব্যগ্রন্থের লেখক কে?
ⓚ শওকত আলী ⓚ মহাদেব সাহা
● নির্মলেন্দু গুণ ⓘ আসাদ চৌধুরী

ব্যাখ্যা নির্মলেন্দু গুণ মূলত কবি। তাঁকে বাংলাদেশের কবিদের কবি বলা হয়। তাঁর প্রকাশিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলো হলো : 'প্রেমাংশুর রক্ত চাই' (১৯৭০), 'না প্রেমিক না বিপ্লবী' (১৯৭২), 'দীর্ঘ দিবস দীর্ঘ রজনী' (১৯৭৪), 'তার আগে চাই সমাজতন্ত্র' (১৯৭৯), 'দূর হ দুঃশাসন' (১৯৮৩), 'মুজিব-লেনিন-ইন্দিরা' (১৯৮৪), 'শিয়রে বাংলাদেশ' (১৯৯৮) ইত্যাদি।

17. 'সুষ্ঠু' এ শব্দের বিশেষণ রূপটি হলো –
ⓚ সৌষ্ঠব ⓚ সুষ্ঠুতা ⓖ সুষ্ঠ ⓘ সুষ্ঠব

ব্যাখ্যা বিশেষ্য থেকে বিশেষণ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
সৌষ্ঠব	সুষ্ঠু	আসমান	আসমানি
অধ্যয়ন	অধীত	উন্নয়ন	উন্নীত

18. 'মা ছিলনা বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।'- এটি একটি –
ⓚ জটিল বাক্য ⓚ যৌগিক বাক্য
● সরল বাক্য ⓘ মিশ্র বাক্য

ব্যাখ্যা যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন–
১. পুকুরে পদ্মফুল জন্মে
২. খোকা আজ সকালে স্কুলে গিয়েছে
৩. মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।

19. বাংলা ভাষায় সমাস নিষ্পন্ন যেসব শব্দ সমস্যমান পদগুলোর কোনটার অর্থ প্রকাশ না করে বিশেষ কোনো অর্থ প্রকাশ করে, সেগুলোকে বলে –
ⓚ যৌগিক শব্দ ⓚ রূঢ় শব্দ
● যোগরূঢ় শব্দ ⓘ সাধিত শব্দ

ব্যাখ্যা
⊙ যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে।
⊙ যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে।
⊙ সমাস নিষ্পন্ন যেসব শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে।
⊙ যেসব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে।

20. 'Subconscious' শব্দটির বাংলা পরিভাষা কোনটি?
ⓚ চেতন ● অবচেতন
ⓖ অচেতন ⓘ অর্ধচেতন

21. What is the meaning of the word 'Stupendous'?
● Awesome ⓑ Stupidity
ⓒ Stipend ⓓ Foolishness

22. Time trips — on rosy wings. Which prepositions is appropriate for the blank space of the sentence?
ⓐ at ⓑ with ● by ⓓ upon

23. Keats' poems are instinct — patriotism. Fill in the blanks with appropriate word.
ⓐ with ⓑ to ● for ⓓ at

24. What is the meaning of the idiom- 'wear your heart on your sleeve'?
ⓐ Stay in good mood
ⓑ Allowing others to see one's feelings
● Being true to oneself
ⓓ Becoming open minded

25. The idiom 'make ends meet' means —
ⓐ come to a close
ⓑ have a happy ending
● live within one's income
ⓓ stretch to limit

26. What is the synonym of the word 'heckle'?
● disrupt ⓑ slow
ⓒ rude ⓓ busy

27. What is the meaning of the word 'protrude'?
● to stick out from something
ⓑ to produce something
ⓒ to prevent something
ⓓ to provide something

28. The sentence 'Who would have thought Shylock was so unkind' expresses :
ⓐ hyperbole ⓑ integration
ⓒ command ● wonder

29. Choose the correct sentence :
ⓐ I have finished read the book.
● I have finished reading the book.
ⓒ I finished reading the book.
ⓓ I have finish reading the book.

30. The verb form of 'necessity' is :
ⓐ necessary ● necessitate
ⓒ necessarily ⓓ necessities

31. Which sentence is correct?
ⓐ You had better going there
● You had better go there
ⓒ You had better gone there
ⓓ You had better to be going there.

32. In English literature the word 'Limerick' refers to :
ⓐ Lyrical poems of five lines
ⓑ Irony poems of five lines
● Funny poems of five lines
ⓓ Elegy of five lines

33. He found the gold coin — the floor.
ⓐ as he had cleaned ⓑ while he cleans
ⓒ which he is cleaning ● while cleaning

34. Find the synonym of the word 'dwindle'.
ⓐ ascend ⓑ develop
ⓒ grow ● drop

35. 'Few and far between' means —
ⓐ distant thing ⓑ in frequent
● very few ⓓ in between

36. No spelling error occurs in :
ⓐ ascientain ⓑ ascertane
● ascertain ⓓ anciant

37. What is the passive voice of the sentence : His conduct annoyed me —
ⓐ I was being annoyed by his conduct.
ⓑ I was annoyed by his conduct.
● I was annoyed at his conduct.
ⓓ I had been annoyed on his conduct.

38. Which one of the following is a masculine gender?
● Stag ⓑ Doe ⓒ Roe ⓓ Vixen

39. The main character in Paradise Lost Book I and Book II is —
ⓐ God ● Satan
ⓒ Adam ⓓ Eve

40. It is time he — his bad habits.
ⓐ changes ● changed
ⓒ changing ⓓ change

41. বৃত্তের ব্যাস তিনগুল বৃদ্ধি পেলে এর ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পায়?
ⓚ ৩ গুণ ⓚ ৬ গুণ
● ৯ গুণ ⓓ ১২ গুণ

সমাধান
ধরি, বৃত্তের ব্যাস = ২r; ব্যাসার্ধ = r
বৃত্তের ক্ষেত্রফল = πr^2
বৃত্তের তিনগুণ বৃদ্ধি পেলে, ব্যাস হবে = ৬r ; ব্যাসার্ধ = ৩r
পরিবর্তিত বৃত্তের ক্ষেত্রফল = $\pi(৩r)^2 = ৯\pi r^2$
বৃত্তের ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে = $\frac{৯\pi r^2}{\pi r^2}$ গুণ
= ৯ গুণ

42. একটি চৌবাচ্চায় ১৯২০০ লিটার পানি ধরে। এর গভীরতা ২.৫৬ মিটার এবং প্রস্থ ২.৫ মিটার হলে, দৈর্ঘ্য কত?
ⓚ ৪ মিটার ⓚ ৬ মিটার
● ৩ মিটার ⓓ ১৪ মিটার

সমাধান
চৌবাচ্চায় পানি ধরে ১৯২০০ লিটার বা ১৯২০০ × ১০০০ ঘন সে.মি.
চৌবাচ্চার আয়তন = $\frac{১৯২০০ \times ১০০০}{১০০০০০০}$ ঘন মিটার
= ১৯.২ ঘন মিটার
দৈর্ঘ্য × প্রস্থ × গভীরতা = চৌবাচ্চার আয়তন
বা, দৈর্ঘ্য × ২.৫ × ২.৫৬ = ১৯.২
বা, দৈর্ঘ্য = $\frac{১৯.২}{২.৫ \times ২.৫৬}$
দৈর্ঘ্য = ৩ মিটার

43. ১০ বছর পূর্বে পিতা-পুত্রের বয়সের অনুপাত ছিল ৪ : ১। ১০ বছর পর তাদের বয়সের অনুপাত হবে ২ : ১। তাদের বর্তমান বয়স কত?
● ৫০ ও ২০ বছর ⓚ ৪৭ ও ২০ বছর
ⓖ ৫৪ ও ২১ বছর ⓖ ৩৬ ও ২৫ বছর

সমাধান
ধরি, ১০ বছর পূর্বে পিতার বয়স ছিল = ৪x বছর
পিতার বর্তমান বয়স = ৪x + ১০ বছর
আবার, ১০ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = x বছর
পুত্রের বর্তমান বয়স = x + ১০ বছর
শর্তমতে,
(৪x + ১০ + ১০) : (x + ১০ + ১০) : ২ : ১
বা, $\frac{৪x + ২০}{x + ২০} = \frac{২}{১}$
বা, ৪x + ২০ = ২x + ৪০
বা, ৪x − ২x = ৪০ − ২০
বা, ২x = ২০
বা, $x = \frac{২০}{২}$
∴ x = ১০
পিতার বর্তমান বয়স = (৪ × ১০) + ১০ বছর
= ৪০ + ১০ বছর
= ৫০ বছর
এবং পুত্রের বর্তমান বয়স = ১০ + ১০ বছর
= ২০ বছর

44. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
● ৫/৬ ⓚ ৩/৪ ⓖ ৭৫/১০০ ⓖ ৮/১১

সমাধান
(ক) $\frac{৫}{৬}$ = ০.৮৩৩ [বৃহত্তম ভগ্নাংশ]
(খ) $\frac{৩}{৪}$ = ০.৭৫
(গ) $\frac{৭৫}{১০০}$ = ০.৭৫
(ঘ) $\frac{৮}{১১}$ = ০.৭২৭

45. বার্ষিক ৪.৫ টাকা হার মুনাফায় কত টাকা বিনিয়োগে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে?
ⓚ ৭২৫ টাকা ● ৭০০ টাকা
ⓖ ৭০২ টাকা ⓖ ৭২৬ টাকা

সমাধান
১০০ টাকায় ১ বছরে সুদ দেয় = ৪.৫ টাকা
১০০ টাকায় ৪ বছরে সুদ দেয় = (৪.৫ × ৪) টাকা
= ১৮ টাকা
১০০ টাকার ৪ বছরে সুদাসল হয় (১০০ + ১৮) = ১১৮ টাকা
সুদাসল ১১৮ টাকা হলে আসল = ১০০ টাকা
সুদাসল ১ টাকা হলে আসল = $\frac{১০০}{১১৮}$ টাকা
সুদাসল ৮২৬ টাকা হলে আসল = $\frac{১০০ \times ৮২৬}{১১৮}$ টাকা
= ৭০০ টাকা

46. একটি বাইসাইকেলের মূল্য ১০,০০০ টাকা। উহা ১০% বাট্টায় ক্রয় করা হলো। তিনমাস ব্যবহারের পর ক্রয়মূল্যের উপর ১৫% বাট্টায় বিক্রি করলে বিক্রয়মূল্য কত ছিল?

ক ৮৫০০ টাকা ● ৭৬৫০ টাকা
গ ৭৫০০ টাকা ঘ ৮০০০ টাকা

সমাধান এখানে, বাইসাইকেলের তালিকা মূল্য = ১০,০০০ টাকা
১০% বাট্টায় ক্রয়মূল্য = (১০,০০০ − ১০,০০০ × ১০%) টাকা
= ১০,০০০ − ১০০০ = ৯,০০০ টাকা
তিন মাস পর ক্রয়মূল্যের ওপর ১৫% বাট্টায় বিক্রয়মূল্য
= ৯,০০০ − ৯,০০০ × ১৫% টাকা
= ৯,০০০ − ১,৩৫০ = ৭,৬৫০ টাকা

47. একটি নল ১২ মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করে। অপর একটি নল প্রতি মিনিটে ১৪ লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় নল দুটি খুলে নিলে ৯৬ মিনিটে উহা পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?

ক ১৪৫ লি. খ ১৫৫ লি. গ ২০৮ লি. ● ১৯২ লি.

সমাধান
১ম নল দ্বারা ১২ মিনিটে পূর্ণ হয় = ১টি চৌবাচ্চা
১ম নল দ্বারা ১ মিনিটে পূর্ণ হয় = $\frac{১}{১২}$ টি চৌবাচ্চা
১ম নল দ্বারা ৯৬ মিনিটে পূর্ণ হয় = $\frac{১ \times ৯৬}{১২}$ টি চৌবাচ্চা
= ৮টি চৌবাচ্চা
আবার,
২য় নল দ্বারা ১ মিনিটে খালি হয় = ১৪ লিটার
২য় নল দ্বারা ৯৬ মিনিটে খালি হয় = (১৪ × ৯৬) লিটার
= ১৩৪৪ লিটার
যেহেতু দুইটি নল এক সঙ্গে খুলে ৯৬ মিনিটে পূর্ণ হয় ১টি চৌবাচ্চা এবং বাকি পানি বের হয়ে যায়।
(৮ − ১) = ৭টি চৌবাচ্চার পানি বের হয়ে যায়
চৌবাচ্চাটিতে পানি ধরে = (১৩৪৪ ÷ ৭) লিটার
= ১৯২ লিটার

48. একটি বইয়ের দৈর্ঘ্য ২৫ সে. মি ও প্রস্থ ১৮ সে. মি। বইটির পৃষ্ঠা সংখ্যা ২০০ এবং প্রতি পাতার পুরত্ব ০.১ মি. মি. হলে, বইটির আয়তন কত?

ক ৪৫৫ ঘন সে. মি. ● ৪৫০ ঘন সে. মি.
গ ৪৪০ ঘন সে. মি. ঘ ২৫০ ঘন সে. মি.

সমাধান যেহেতু বইয়ের পাতার দুই পাশেই পৃষ্ঠা নম্বর লেখা থাকে।
বইয়ের প্রতি দুই পাতার পুরুত্ব = ০.১ × ১০ সে.মি.
= ০.০১ সে.মি.
বইটির মোট আয়তন = ২৫ × ১৮ × ০.০১ × (২০০ ÷ ২) ঘন সেমি.
= ৪.৫০ × ১০০ = ৪৫০ ঘন সে.মি.

49. একটি খাতা ৩৬ টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয়, ৭২ টাকা বিক্রি করলে তার দ্বিগুণ লাভ হয়। খাতাটির ক্রয়মূল্য কত?

ক ৪৫ টাকা খ ৪৪ টাকা গ ৪২ টাকা ● ৪৮ টাকা

সমাধান ধরি, খাতাটির ক্রয়মূল্য = x টাকা
শর্তমতে,
২(x − ৩৬) = ৭২ − x
বা, ২x − ৭২ = ৭২ − x
বা, ২x + x = ৭২ + ৭২
বা, ৩x = ১৪৪
বা, $x = \frac{১৪৪}{৩}$
∴ x = ৪৮
বইটির ক্রয়মূল্য = ৪৮ টাকা।

50. দুটি সংখ্যার ল.সা.গু ৬০ এবং গ.সা.গু ১০। একটি সংখ্যা অপর সংখ্যার দুই-তৃতীয়াংশ হলে ছোটো সংখ্যাটি কত?

● ২০ খ ৩০ গ ১০ ঘ ৪০

সমাধান ধরি, বড়ো সংখ্যাটি = x
ছোটো সংখ্যাটি = $x \times \frac{২}{৩} = \frac{২x}{৩}$
আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু
বা, $x \times \frac{২x}{৩} = ৬০ \times ১০$
বা, $\frac{২x^{২}}{৩} = ৬০ \times ১০$
বা, $x^2 = \frac{৬০ \times ১০ \times ৩}{২}$
বা, $x^2 = ৯০০$
বা, $x = \sqrt{৯০০}$
∴ x = ৩০
ছোটো সংখ্যাটি হলো = $\frac{২ \times ৩০}{৩} = ২০$

51. এক নটিক্যাল মাইলে কত মিটার?

ক ১৭৫০.১৮ মি. ● ১৮৫৩.১৮ মি.
গ ১৬৫০.২০ মি. ঘ ১৯৫৩.১৮ মি.

সমাধান ১ নটিক্যাল মাইল = ৬০৮০ ফুট
= (৬০৮০ ÷ ৩) গজ
= ২০২৬.৬৭ গজ (প্রায়)
আমরা জানি, ১ গজ = ০.৯১৪৪ মিটার
২০২৬.৬৭ গজ = (০.৯১৪৪ × ২০২৬.৬৭) মিটার
= ১৮৫৩.১৮ মিটার.

52. $a - \frac{1}{a} = 3$ হলে $a^3 - \frac{1}{a^3}$ এর মান কত?

ক 9 খ 18 গ 27 ● 36

সমাধান দেওয়া আছে, $a - \frac{1}{a} = 3$
প্রদত্ত রাশি, $a^3 - \frac{1}{a^3}$
$= (a)^3 - \left(\frac{1}{a}\right)^3 = \left(a - \frac{1}{a}\right)^3 + 3.\ a.\ \frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$
$= (3)^3 + 3 \times 3 = 27 + 9 = 36$

53. $x^2 - \sqrt{5}x + 1 = 0$ হলে $x^2 - \frac{1}{x^2}$ এর মান কত?

ক 1 ● $\sqrt{5}$ গ 3 ঘ $2\sqrt{5}$

সমাধান দেওয়া আছে, $x^2 - \sqrt{5}x + 1 = 0$
বা, $x^2 + 1 = \sqrt{5}x$
বা, $\frac{x^2 + 1}{x} = \sqrt{5}$
$\therefore x + \frac{1}{x} = \sqrt{5}$
প্রদত্ত রাশি, $x^2 - \frac{1}{x^2}$
$= (x)^2 - \left(\frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.\ x.\ \frac{1}{x}$
$= \left(\sqrt{5}\right)^2 - 2$
$= 5 - 2$
$= 3$

54. একটি প্রকৃত ভগ্নাংশের হর, লব অপেক্ষা ৪ বেশি। ভগ্নাংশটি বর্গ করলে যে ভগ্নাংশ পাওয়া যাবে তার হর, লব অপেক্ষা ৪০ বেশি। ভগ্নাংশটি কত?

ক ৭/১১ ● ৩/৭ গ ৯/১৩ ঘ ১/৫

সমাধান ধরি প্রকৃত ভগ্নাংশের লব = x, এবং হর = x + ৪

ভগ্নাংশটি = $\frac{x}{x+৪}$

শর্তমতে, $(x+৪)^২ - (x)^২ = ৪০$

বা, $x^২ + ২.x.৪ + ১৬ - x^২ = ৪০$

বা, $৮x = ৪০ - ১৬$

বা, $৮x = ২৪$

বা, $x = \frac{২৪}{৮}$

$\therefore x = ৩$

ভগ্নাংশটি = $\frac{৩}{৩+৪} = \frac{৩}{৭}$

55. a ও b দুটি ধনাত্মক সংখ্যা এবং $\frac{ab}{x} = \sqrt{a}$ হলে $\frac{x}{\sqrt{b}}$ = কত?

ক $\sqrt{a}$ ● $\sqrt{ab}$ গ $\sqrt{a/b}$ ঘ $\sqrt{b/a}$

সমাধান দেওয়া আছে, $\frac{ab}{x} = \sqrt{a}$

বা, $x = \frac{\sqrt{a}}{ab}$

বা, $x = \frac{\sqrt{a}}{\sqrt{a}\times\sqrt{a}\times b}$

বা, $x = \sqrt{a}\times b$

বা, $\frac{x}{b} = \sqrt{a}$

বা, $\frac{x}{\sqrt{b}\times\sqrt{b}} = \sqrt{a}$

বা, $\frac{x}{\sqrt{b}} = \sqrt{a}\times\sqrt{b}$

$\therefore \frac{x}{\sqrt{b}} = \sqrt{ab}$

56. $\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$ হলে x = কত?

ক 3 খ -3 ● 0 ঘ $\sqrt{3}$

সমাধান দেওয়া আছে,

$\sqrt{x+3} = \sqrt{x} + \sqrt{3}$

বা, $x + 3 = (\sqrt{x} + \sqrt{3})^2$

বা, $x + 3 = (\sqrt{x})^2 + 2.\sqrt{x}.\sqrt{3} + (\sqrt{3})^2$

বা, $x + 3 = x + 2\sqrt{3x} + 3$

বা, $x + 3 - x - 3 = 2\sqrt{3x}$

বা, $2\sqrt{3x} = 0$

বা, $\sqrt{3x} = \frac{0}{2}$

বা, $\sqrt{3x} = 0$

বা, $3x = (0)^2$

বা, $3x = 0$

বা, $x = \frac{0}{3}$

$\therefore x = 0$

57. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিকত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?

● ১৬ খ ৪ গ ৮ ঘ ২

সমাধান ধরি, সরলরেখাটি = a

রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল = a^2

রেখাটির এক-চতুর্থাংশ = $\frac{a}{৪}$

রেখাটির এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল = $\left(\frac{a}{৪}\right)^২ = \frac{a^২}{১৬}$

$= \frac{১}{১৬} \times a^২$

$= \frac{১}{১৬} \times$ a রেখার উপর বর্গের ক্ষেত্রফল

অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ১৬ গুণ।

58. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরলে ১.৫ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে?

ক ১৮০° খ ২৭০° গ ৩৬০° ঘ ৫৪০°

Note সঠিক উত্তর ৮১০°।

সমাধান

চাকাটি ১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°

চাকাটি ৯০ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০° × ৯০

= ৩২৪০০°

চাকাটি ৬০ সেকেন্ডে ঘুরে = ৩২৪০০°

চাকাটি ১ সেকেন্ডে ঘুরে = $\frac{৩২৪০০^\circ}{৬০}$

চাকাটি ১.৫ সেকেন্ডে ঘুরে = $\frac{৩২৪০০ \times ১.৫}{৬০} = ৮১০^\circ$

59. $\log_2 8$ = কত?

ক 1 খ 2 ● 3 ঘ 4

সমাধান $\log_2 8$

$= \log_2 2^3 = 3\log_2 2 = 3 \times 1 = 3$

60. $4^{x+1} = 32$ হলে x = ?

ক 2/3 খ 3/5 গ 1/8 ● 3/2

সমাধান $4^{x+1} = 32$

বা, $2^{2(x+1)} = 2^5$

বা, $2x + 2 = 5$

বা, $2x = 5 - 2$

বা, $2x = 3$

$\therefore x = \frac{3}{2}$

61. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করেন —

● মাননীয় প্রধানমন্ত্রী খ মন্ত্রণালয়ের সচিব

গ মহামান্য রাষ্ট্রপতি ঘ সশস্ত্র বাহিনীর প্রধান

ব্যাখ্যা বাংলাদেশ সরকারের প্রধান নির্বাহী মাননীয় প্রধানমন্ত্রী। তিনি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান নির্বাহী হিসেবেও দায়িত্ব পালন করেন। প্রধানমন্ত্রীর কার্যালয় ঢাকার তেজগাঁও অবস্থিত।

62. বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস কবে পালিত হয়?

ক ১৯ জুলাই খ ২১ জুলাই ● ২১ নভেম্বর ঘ ১ আগস্ট

ব্যাখ্যা

তারিখ	দিবস	তারিখ	দিবস
১১ জুলাই	বিশ্ব জনসংখ্যা দিবস	১ আগস্ট	বিশ্ব মাতৃদুগ্ধ দিবস
২০ জুলাই	বিশ্ব জাম্প দিবস	২১ নভেম্বর	সশস্ত্র বাহিনী দিবস

63. বাংলাদেশের মুক্তিযুদ্ধ দিবস পালিত হয় —

ক ২৬ মার্চ খ ৭ মার্চ ● ১ ডিসেম্বর ঘ ১৬ ডিসেম্বর

ব্যাখ্যা

তারিখ	দিবস
৭ মার্চ	রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর ভাষণ দিবস
২৬ মার্চ	স্বাধীনতা ও জাতীয় দিবস
১ ডিসেম্বর	মুক্তিযুদ্ধ দিবস
১৬ ডিসেম্বর	বিজয় দিবস

64. বাংলাদেশ কোন অলিম্পিক গেমস-এ প্রথম অংশগ্রহণ করে?

● লস এঞ্জেলস খ আটলান্টা

গ মস্কো ঘ মেক্সিকো সিটি

ব্যাখ্যা ১৯৮০ সালের ১৫ ফেব্রুয়ারি বাংলাদেশ বিশ্ব অলিম্পিক এসোসিয়েশনের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ প্রথম ১৯৮৪ সালে লস এঞ্জেলস-এর ২৩তম অলিম্পিকে অংশ নেয়।

65. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে কার্যকর বিভাগের সংখ্যা কতটি?

● ১৯টি খ ২১টি গ ২০টি ঘ ১৮টি

66. মুক্তিযুদ্ধে বীরাঙ্গনা উপাধিপ্রাপ্ত হন কতজন নারী?

ক ১৭৫ জন খ ১৮০ জন গ ১৮৮ জন ঘ ১৯০ জন

Note মুক্তিযোদ্ধা স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার সংখ্যা ২৭১ জন (৭ ফেব্রুয়ারি, ২০১৯ গেজেট প্রকাশ)।

67. 'ভুটান' এর আইনসভার নাম কী?

● পার্লামেন্ট খ অ্যাসেম্বলি গ ডায়েট ঘ সোগডু

ব্যাখ্যা

দেশ	আইনসভার নাম	নিম্ন কক্ষের নাম	উচ্চ কক্ষের নাম
ভুটান	পার্লামেন্ট	ন্যাশনাল অ্যাসেম্বলি	ন্যাশনাল কাউন্সিল
হাইতি	ন্যাশনাল অ্যাসেম্বলি	চেম্বার অব ডেপুটিস	সিনেট
জাপান	ডায়েট	হাউজ অব রিপ্রেজেন্টেটিভস	হাউজ অব কাউন্সিলস
রাশিয়া	ফেডারেল অ্যাসেম্বলি	স্টেট ডুমা	ফেডারেল কাউন্সিল

68. রোবট সোফিয়ার নির্মাতা প্রতিষ্ঠানের নাম —

